AFC-এর

# আপনার অধিকার সম্পর্কে জানুন

## নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোতে ইমিগ্র্যান্ট (অভিবাসী) পরিবারদের জন্য আইনী অধিকার বিষয়ক গাইড (নির্দেশিকা)

আগস্ট 2023

AFC

Advocates for Children of New York
Protecting every child's right to learn

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইংক. কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত © 2023

# সূচীপত্র


সূচনা.......... 3

স্কুলে ভর্তি হওয়া.......... 4

পাবলিক স্কুলে আবেদন করা এবং স্কুল পছন্দ করা.......... 6

ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ELLs)-দের জন্য পরিষেবা.......... 7

স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) & ডিজঅ্যাবিলিটি (অক্ষমতা) সম্পন্ন শিক্ষার্থী.......... 10

সাসপেনশন (অপসারণ).......... 13

প্রমোশন (পরবর্তী শ্রেণিতে উন্নীতকরণ) ও গ্র্যাজুয়েশন (শিক্ষা কার্যক্রম সম্পন্ন করা).......... 14

ডিসক্রিমিনেশন (বৈষম্য).......... 16

আমার সন্তানের শিক্ষায় আমি কীভাবে সম্পৃক্ত হতে পারি?.......... 18

প্যারেন্ট (মা-বাবা) হিসেবে আমার কী কী অধিকার রয়েছে?.......... 19

যদি আমার কোনো উদ্বেগ ও প্রশ্ন থাকে, তাহলে DOE-তে আমি কার সাথে কথা বলতে পারি?.......... 20

ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-সূমহ.......... 21

ইমিগ্রেশন অ্যাসিস্টেন্স (অভিবাসন সংক্রান্ত সহায়তা)-এর জন্য আমাকে কার কাছে যেতে হবে?.......... 22

গুরুত্বপূর্ণ টার্মস (শব্দাবলী) & অ্যাক্রোনিমস (শব্দের সংক্ষিপ্ত রূপ).......... 24

অ্যাডভোকেসি টিপস (রক্ষণাবেক্ষণ সংক্রান্ত পরামর্শ).......... 25



এই নির্দেশিকা কোনো আইনী পরামর্শ নয়। এই নির্দেশিকায় AFC-এর মতামত ব্যক্ত করা ছাড়াই বিদ্যমান নীতিমালা অথবা আইনের সারমর্ম তুলে ধরার চেষ্টা করা হয়েছে। যদি আপনার কোনো আইনী সমস্যা থেকে থাকে, তাহলে অনুগ্রহ করে একজন অ্যাটর্নি বা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করুন।

# সূচনা

এই গাইড (নির্দেশিকা)-এর লক্ষ্য হল নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেমে ইমিগ্র্যান্ট (অভিবাসী) পরিবারদের জন্য যেসব অধিকার রয়েছে তার একটি সাধারণ চিত্র তুলে ধরা এবং এই গাইড (নির্দেশিকা)-টি প্রি-কিন্ডারগার্টেন থেকে 12তম শ্রেণির স্কুল-বয়সী শিশুদের মা-বাবাদের জন্য।

এই গাইড (নির্দেশিকা)-টি পড়ার সময়, 6টি মৌলিক অধিকার মনে রাখবেন:

## প্রধান 6টি অধিকার:
## NYC পাবলিক স্কুল সিস্টেমে আপনার অধিকারসমূহ

1. **আপনার সন্তান বা আপনার পরিবারের ইমিগ্রেশন (অভিবাসন) স্ট্যাটাস যাই হোক না কেন, আপনার সন্তানের স্কুলে যাওয়ার অধিকার রয়েছে।**

2. **যদি আপনার সন্তানের ইংলিশ শেখার জন্য সহায়তার প্রয়োজন হয়, তাহলে বাইলিঙ্গুয়াল (দ্বিভাষী) বা ইংলিশ অ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL) প্রোগ্রাম বেছে নেওয়ার অধিকার আপনার রয়েছে।**

3. **এলিমেন্টারি (প্রাথমিক), মিডল (মধ্য) ও হাই (উচ্চ) স্কুলে পড়ার জন্য আপনার পছন্দের যেকোনো পাবলিক স্কুলে আবেদন করার অধিকার আপনার রয়েছে।**

4. **আপনার পছন্দের ভাষায় অনূদিত স্কুল সংক্রান্ত তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে।**

5. **আপনার সন্তানের সাসপেনশন (বরখাস্ত হওয়া)-এর ঝুঁকি বা একই শ্রেণিতে পড়াশোনার পুনরাবৃত্তি করার প্রয়োজন হলে সেটি জানার অধিকার আপনার রয়েছে।**

6. **বর্ণ, ইমিগ্রেশন (অভিবাসন) স্ট্যাটাস, দেশিয় বা জাতিগত পরিচয় সংক্রান্ত কোনো ধরনের ডিসক্রিমিনেশন (বৈষম্য) ছাড়াই আপনার সন্তানের শিক্ষা পাওয়ার অধিকার রয়েছে।**

*এই গাইড (নির্দেশিকা_ পড়ার পরও যদি আপনার কোনো অতিরিক্ত প্রশ্ন থেকে থাকে, তাহলে কল করুন*

**AFC-এর এডুকেশন হেল্পলাইন**

**866-427-6033 (টোল ফ্রি) • সোমবার থেকে বৃহস্পতিবার • সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত**

*আমরা আপনার ভাষায় কথা বলতে পারি।*

# স্কুলে ভর্তি হওয়া

## *আমার সন্তান কখন স্কুলে যেতে পারবে?*

4 থেকে 21 বছর বয়সী শিশুদের জন্ম যেখানেই হোক না কেন বা তারা যে ভাষাতেই কথা বলুক না কেন, তাদের পাবলিক স্কুলে যাওয়ার অধিকার রয়েছে। নিউ ইয়র্ক সিটি (NYC)-তে শিক্ষা সংশ্লিষ্ট প্রোগ্রামগুলোতে আসন পাওয়া সাপেক্ষে সর্বনিম্ন 3 বছর বয়স থেকেই শিশুরা শিক্ষা সংক্রান্ত পরিষেবা পেয়ে থাকে।

4 থেকে 21 বছর বয়সী সকল শিশু যারা পাবলিক স্কুলে আবেদন করবে, তাদের সবাইকে 5 কর্ম দিবসের মধ্যেই উপযুক্ত প্রোগ্রামে ভর্তি করতে এবং আসন বরাদ্দ দিতে হবে। যে শিশু কিন্ডারগার্টেনের জন্য যোগ্য, তাকে কিন্ডারগার্টেন থেকে ফিরিয়ে দেওয়া যাবে না। এছাড়াও, NYC-তে সকল চার-বছর বয়সীদের জন্য pre-K প্রোগ্রামে আসন রয়েছে। বয়স, পূর্বে পেয়ে থাকা সীমিত আকারের শিক্ষা, বা ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার হওয়ার কারণে কিশোর-কিশোরীদেরকে কোনো হাই (উচ্চ) স্কুল বা হাই (উচ্চ) স্কুলের সমমান কোনো ডিপ্লোমা প্রোগ্রাম থেকে ফিরিয়ে দেওয়া যাবে না।

## *ইমিগ্রেশন (অভিবাসন) স্ট্যাটাস কোনো ব্যাপার নয়।*

ইমিগ্র্যান্ট (অভিবাসী) শিক্ষার্থীদের বা তাদের পরিবারের ইমিগ্রেশন (অভিবাসন) স্ট্যাটাস যাই হোক না কেন, তাদের স্কুলে যাওয়ার অধিকার রয়েছে। যদিও কিছু কিছু স্কুলে সোশ্যাল সিকিউরিটি নম্বর জানতে চাওয়া হতে পারে, তবে মা-বাবা এবং শিক্ষার্থীদেরকে এই তথ্য দেওয়ার প্রয়োজন **নেই।**

**পরামর্শ:**

যদি আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর জানতে চাওয়া হয়, তাহলে 000-00-0000 লিখুন।

যোগ্য হওয়া সাপেক্ষে ইমিগ্র্যান্ট (অভিবাসী) শিক্ষার্থীরা স্কুলের সকল পরিষেবার সুযোগ নিতে পারবে, যার মধ্যে রয়েছে বিনামূল্যের দুপুরের খাবার, বিনামূল্যের সকালের নাস্তা এবং যাতায়াত ব্যবস্থা।

কোনো শিশু বা তার পরিবারের ইমিগ্রেশন (অভিবাসন) স্ট্যাটাস সম্পর্কে স্কুলের কেউ জানতে চাইতে পারে না। যদি কোনো শিশু বা তার পরিবারের ইমিগ্রেশন (অভিবাসন) স্ট্যাটাস সম্পর্কে স্কুল জানতে পারে, তাহলে তারা এই বিষয়ে কারো সাথে কিছু শেয়ার করবে না। DOE কোনো শিশুর তথ্য প্রকাশ করবে না, তবে আইনী বাধ্যবাধকতা থাকলে তা ভিন্ন কথা। ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) সহ কোনো ফেডারেল এজেন্ট স্কুলে প্রবেশ করতে পারবে না, তবে আইনী বাধ্যবাধকতা থাকলে তা ভিন্ন কথা।

## *আমার সন্তানকে ভর্তি করানোর জন্য কোথায় যেতে রহবে?*

NYC পাবলিক স্কুলে ভর্তি হওয়ার জন্য আপনার সন্তানকে অবশ্যই NYC-তে বসবাস করতে হবে। যদি আপনার সন্তান এলিমেন্টারি (প্রাথমিক) বা মিডল (মধ্য) স্কুলে প্রবেশ করে থাকে, তাহলে তারা তাদের জোনের স্কুলে যেতে পারবে। আপনার সন্তানের জন্য কোন জোনের স্কুল প্রযোজ্য হবে, তা জানতে 311 নম্বরে কল করুন। আপনি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-সমূহে গিয়ে আপনার সন্তানের জন্য অন্যান্য স্কুলের অপশন সম্পর্কে জেনে নিতে পারেন। যদি আপনার সন্তান্ হাই (উচ্চ) স্কুলে প্রবেশ করে থাকে, তাহলে হাই (উচ্চ) স্কুলে ভর্তির ক্ষেত্রে সহায়তার জন্য আপনি ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-সমূহে যেতে পারেন। এই গাইড (নির্দেশিকা)-এর পৃষ্ঠা 21-এ ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-সমূহের তথ্য রয়েছে।

## গুরুত্বপূর্ণ ডকুমেন্টস (নথিপত্র)

আপনার সন্তানকে স্কুলে ভর্তি করানোর জন্য যা যা নিয়ে আসতে হবে তা হল:

1. **বাসস্থানের প্রমাণ,** যেমন গ্যাস, ক্যাবল, ইলেক্ট্রিক বা পানির বিল অথবা কোনো বাড়ি লিজ নেওয়ার কাগজপত্র। সাবধান, টেলিফোন বিল, ক্রেডিট কার্ড বিল, ড্রাইভার লাইসেন্স ইত্যাদি প্রমাণ হিসেবে গ্রহণ করা হবে না। ডকুমেন্ট (নথিপত্র)-এর ধরনের উপর ভিত্তি করে দুই থেকে তিনটা ডকুমেন্ট (নথিপত্র)-এর প্রয়োজন হবে। বাসস্থানের প্রমাণ হিসেবে যেসব ডকুমেন্ট (নথিপত্র) গ্রহণ করা হবে, সেটার পূর্ণ তালিকা DOE-এর ওয়েবসাইটে দেখে নিন।
2. **আপনার সন্তানের বয়সের প্রমাণ,** যেমন আপনার সন্তানের জন্ম নিবন্ধন সনদ বা পাসপোর্ট।
3. আপনার সন্তানের **ইমিউনাইজেশন (টিকা প্রদান করার) রেকর্ড,** যদি থেকে থাকে।
4. যদি থেকে থাকে, আপনার সন্তানের **সবচেয়ে সাম্প্রতিক সময়ের রিপোর্ট কার্ড/ট্রান্সক্রিপ্ট, ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP), অথবা 504 অ্যাকোমোডেশন প্ল্যান** – এগুলোর তথ্য জানতে পৃষ্ঠা 10 দেখুন।

## যদি আমার সন্তানের কোনো স্কুল রেকর্ড না থাকে অথবা আমার সন্তান স্কুলে খুবই অল্প বা কোনো সময় কাটিয়ে না থাকে?

এমনটা হয়ে থাকলেও পাবলিক স্কুলে তাৎক্ষণিকভাবে ভর্তি হওয়ার তাদের অধিকার রয়েছে। আপনার সন্তান যেই স্কুলে যাবে সেখানের একজন অ্যাডমিশন কাউন্সেলর বা অন্য কোনো কর্মকর্তা আপনার সন্তানের জন্য একটি শিক্ষার্থী প্রোফাইল বানিয়ে দেবে এবং আপনার সন্তান যে ভাষায় কথা বলে থাকে, সেই ভাষাতেই তার মূল্যায়ন সম্পন্ন করবে। যদি কোনো কর্মকর্তা আপনার সন্তানের ভাষায় কথা বলতে না পারে, তাহলে স্কুলের পক্ষ থেকে দোভাষীর ব্যবস্থা করতে হবে।

## যদি আমার সন্তানের রেকর্ড/ট্রান্সক্রিপ্ট অন্য কোনো দেশের স্কুলের হয়ে থাকে?

বিদেশি স্কুল থেকে পাওয়া আপনার সন্তানের রেকর্ড/ট্রান্সক্রিপ্ট আপনি আপনার সন্তান যেই স্কুলে যাবে সেই স্কুল, ডিপার্টমেন্ট অফ এডুকেশন, অথবা বাইরের কারো (যেমন, আপনার কনস্যুলেট, কমিউনিটি প্রতিষ্ঠান বা বেসরকারি প্রতিষ্ঠান) দ্বারা অনুবাদ করিয়ে নিতে পারেন। স্কুল তখন অনূদিত ডকুমেন্ট (নথি) মূল্যায়ন করা সাপেক্ষে আপনার সন্তান কোন শ্রেণিতে পড়বে তা নির্ধারণ করে দেবে।



***আর এই পুরো সময়টা জুড়ে আপনার সন্তানকে অবশ্যই স্কুলে ভর্তি থাকতে হবে।***

# পাবলিক স্কুলে আবেদন করা এবং স্কুল পছন্দ করা

## *স্কুল চয়েজ ( পছন্দের স্কুল) বলতে কী বুঝায়?*

আপনার সন্তানের জন্য তার এলাকার বা “জোনড” স্কুলকে ঠিক করা হলেও আপনার সন্তান কোন স্কুল - এবং কী ধরনের স্কুলে যাবে – সেই ব্যাপারে আপনার কোনো পছন্দ থাকতে পারে। আপনি বিভিন্ন স্কুল সম্পর্কে জেনে নিতে পারেন, যেগুলো আপনার পছন্দ সেগুলো ঘুরে আসতে পারেন এবং আপনার সন্তানের পক্ষ থেকে সেখানে আবেদন জমা দিতে পারেন। ইমিগ্র্যান্ট (অভিবাসী) শিক্ষার্থী এবং ইংলিশ ভাষা শিখছে এমন শিক্ষার্থীরা NYC-এর সকল পাবলিক স্কুলে যেতে পারবে, যার মধ্যে রয়েছে:

**পরামর্শ:**

NYC-তে বিভিন্ন পাবলিক ও চার্টার স্কুলগুলো দেখতে ও সেগুলোর মধ্যে তুলনা করে দেখার জন্য www.insideschools.org -এ থাকা সার্চ টুলটি ব্যবহার করুন।

- **চার্টার স্কুল**: এগুলো হল বেসরকারি ব্যবস্থাপনায় থাকা পাবলিক স্কুল। আপনাকে এখানে ভর্তির আবেদন করতে হবে এবং এখানে লটারির মাধ্যমে ভর্তি করা হয়ে থাকে।
- **ম্যাগনেট স্কুল:** এগুলো হল জোনের বাইরে থাকা পাবলিক স্কুল যেগুলোর বিশেষ প্রোগ্রাম (যেমন, আর্টস (কলা), টেকনোলজি (প্রযুক্তি) , সাইন্স (বিজ্ঞান)) রয়েছে। আপনাকে এখানে ভর্তির আবেদন করতে হবে।
- **ইন্টারন্যাশনাল হাই স্কুল:** এগুলো হল সেসব পাবলিক স্কুল যেখানে সকল শিক্ষার্থীরাই ইমিগ্র্যান্ট (অভিবাসী)।
- **গিফটেড এন্ড ট্যালেন্টেড এডুকেশন প্রোগ্রাম:** এগুলো হল সেসব পাবলিক স্কুল যেখানে বিশেষ অ্যাডভান্সড প্রোগ্রাম রয়েছে। ভর্তি হওয়ার জন্য আপনার সন্তানকে একটি পরীক্ষা দিতে হবে। ELLs এবং সাবেক ELLs-দের জন্য পরীক্ষা নেওয়ার ব্যবস্থা রয়েছে।

স্কুলে আবেদন করার আরও তথ্য জানার জন্য, অনুগ্রহ করে আমাদের হেল্পলাইনে কল করুন অথবা স্কুল চয়েজ (স্কুল পছন্দ করা) সংক্রান্ত DOE-এর ওয়েবসাইট দেখুন।

## *আমি কি আমার সন্তানকে অন্য কোনো স্কুলে ট্রান্সফার করতে পারব?*

স্কুল ট্রান্সফার করার জন্য আপনাকে লিখিতভাবে আবেদন করতে হবে। তিন ধরনের ট্রান্সফার হয়ে থাকে, সেগুলো হল (1) মেডিকেল ট্রান্সফার, (2) নিরাপত্তাজনিত ট্রান্সফার, এবং (3) যাতায়াতের অসুবিধাজনিত ট্রান্সফার (গণপরিবহন ব্যবস্থা ব্যবহার করে যাওয়া বা আসার যাত্রা পথ যদি 90 মিনিটের বেশি হয়ে থাকে)। আপনার যদি অন্য কোনো সন্তান থেকে থাকে, তারা কোন স্কুলে যাচ্ছে, সেই বিষয়টিও ট্রান্সফার আবেদনের সময় বিবেচনা করা হয়ে থাকে।

খেয়াল রাখবেন যে, পছন্দ মত ট্রান্সফার পাওয়া **বেশ** কঠিন। DOE-এর ওয়েবসাইটে আরও তথ্য পাওয়া যাবে।

# ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার (ELLS)-দের জন্য পরিষেবা

সকল শিক্ষার্থীদের পাবলিক শিক্ষা পাওয়ার অধিকার রয়েছে, তারা ইংলিশ ভাষাতে কথা বলতে পারুক বা না পারুক। ইংলিশ ভাষা শিখছে এমন শিক্ষার্থীদের জন্য বিশেষ শিক্ষাদান প্রযোজ্য যার মাধ্যমে তাদেরকে ইংলিশ শেখানো হবে। এসব শিক্ষার্থীদেরকে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস (ELLs) বলা হয়ে থাকে।

এই সংক্রান্ত যে ধরনের শিক্ষাদানের ব্যবস্থা রয়েছে, তার মধ্যে অন্তর্ভুক্ত আছে **ট্রানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন (TBE) বা ইংলিশ অ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL)**। ELLs-দের জন্য **ডুয়াল ল্যাঙ্গুয়েজ (DL)** প্রোগ্রামও অফার করা হতে পারে।

## *আমার সন্তান কী ELL পরিষেবা পাওয়ার যোগ্য?*

যখন আপনার সন্তান NYC স্কুলে প্রবেশ করে, তখন আপনাকে অবশ্যই কোনো শিক্ষক বা অ্যাডমিনিস্ট্রেটরের সাহায্যে **হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে (HLIS)** পূরণ করতে হবে। বাড়িতে আপনি এবং আপনার সন্তান কোন কোন ভাষায় কথা বলে থাকে তা এই জরিপের মাধ্যমে জিজ্ঞাসা করা হবে। এরপর একজন শিক্ষক আপনাকে ও আপনার সন্তানকে আপনাদের ভাষায় এবং ইংলিশে প্রশ্ন করবেন এবং যদি আপনার সন্তানের আগের স্কুলের কোনো কাজ থেকে থাকে, তাহলে সেগুলো পর্যালোচনা করে দেখবেন।

যদি আপনার সন্তান যোগ্য হয়ে থাকে, তাহলে তাকে ইংলিশের একটি পরীক্ষা দিতে হবে যার নাম হল **নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস (NYSITELL)** যার মাধ্যমে ইংলিশে আপনার সন্তানের সক্ষমতার লেভেল জানা যাবে। স্কুলে ভর্তি হওয়ার 10 দিনের মধ্যেই আপনার সন্তানের এই পরীক্ষা নিতে হবে। যদি আপনার সন্তান NYSITELL পাশ করতে না পারে, তখন তারা ELL পরিষেবার জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

ELLs-দেরকে প্রতি বছর স্প্রিং (বসন্ত) মৌসুমে **নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (NYSESLAT)** পরীক্ষা দিতে হবে।

যখন আপনার সন্তান NYSESLAT পরীক্ষায় নির্দিষ্ট লেভেল অর্জন করতে পারবে, তখন তাদেরকে আর ELL বলে বিবেচনা করা হবে না এবং তারা আর কোনো ENL, TBE বা DL শিক্ষাদান কার্যক্রমে অংশ নিতে পারবে না।



## *বিভিন্ন ELL প্রোগ্রামের মধ্যে পার্থক্য*

1. **ট্রানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন (TBE)**: এতে ইংলিশ এবং শিক্ষার্থীর নিজের ভাষায়, দুইভাবেই শিক্ষাদান করা হয়ে থাকে। শিক্ষার্থীর দক্ষতা যত বাড়বে, ততই ইংলিশ ব্যবহারের মাত্রা বৃদ্ধি করা হবে।
2. **ইংলিশ অ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ (ENL):** এতে শিক্ষার্থীদেরকে পুরোপুরি ইংলিশে শেখানো হয়ে থাকে এবং একজন প্রশিক্ষিত শিক্ষকের কাছ থেকে তারা ইংলিশে কথা বলা, পড়া এবং লেখা শিখে থাকে। (নতুন ইমিগ্র্যান্ট (অভিবাসী) শিক্ষার্থীদের অধিকাংশই ENL ক্লাস করে থাকে)।
3. **ডুয়াল ল্যাঙ্গুয়েজ (DL):** এতে ELLs এবং ন্যাটিভ বা স্থানীয় ইংলিশ ভাষী শিক্ষার্থীরা একসাথে একই ক্লাসরুমে শিক্ষা কার্যক্রমে অংশ নিয়ে থাকে যাতে ক্লাসের সবাই ইংলিশ এবং সেকেন্ড ল্যাঙ্গুয়েজ – দুইটি ভাষাতেই দক্ষ হয়ে উঠতে পারে। প্রতিটি স্কুলেরই তাদের নিজস্ব ভর্তি প্রক্রিয়া রয়েছে। NYC-এর অধিকাংশ ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামে স্প্যানিশ অ্যা আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ শেখানো হয়ে থাকে, তবে কিছু কিছু প্রোগ্রামে চাইনিজ, হেইশিয়ান ক্রিওল, রাশিয়ান, কোরিয়ান, ফ্রেঞ্চ, আরবি, বাংলা, উর্দু, জাপানিজ, ইয়িডিশ, হিব্রু এবং পোলিশ ভাষা শেখানো হয়ে থাকে।

ELLs-দের জন্য যেসব ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম অফার করা হয়ে থাকে সেই সম্পর্কে DOEএর ওয়েবসাইটে আরও তথ্য পাওয়া যাবে। আপনার নিকটস্থ TBE এবং DL প্রোগ্রামের তালিকা দেখে নিতে পারেন।

## *আমি কি আমার সন্তানের ELL প্রোগ্রাম বেছে নিতে পারব?*

**জ্বী।** TBE, DL ও ENL-এর মধ্যে যেকোনো প্রোগ্রাম বেছে নেওয়ার অধিকার আপনার রয়েছে।  অধিকাংশ স্কুলেই ENL ক্লাস রয়েছে, TBE ও DL ক্লাস সচরাচর কম দেখা যায়। আপনার সন্তানের স্কুল ডিস্ট্রিক্টের অন্য স্কুলে যদি TBE বা ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম থেকে থাকে যেমনটা আপনি চান এবং সেই প্রোগ্রামে যদি আসন খালি থাকে, তাহলে আপনার সন্তানকে সেই স্কুলে ট্রান্সফার করে নেওয়ার অধিকার আপনার রয়েছে। সেই স্কুলে যাওয়ার জন্য বিনামূল্যের যাতায়াত সুবিধা পাওয়ার ক্ষেত্রে আপনার সন্তান যোগ্য বলে বিবেচিত হবে। যদি আপনি আপনার সন্তানকে ট্রান্সফার করাতে চান, তাহলে তার বর্তমান স্কুল বা ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-এর মাধ্যমে আপনাকে আবেদন করতে হবে।

**পরামর্শ:**

ইংলিশ ভাষায় প্রতিটি শিশুর দক্ষতার উপর ভিত্তি করে ENL প্রোগ্রামটি সাজিয়ে নিতে হবে। এর মানে হল একই ক্লাসের প্রতিটি ENL শিক্ষার্থীর জন্য ENL পাঠদান একই রকম হবে না! যদি আপনার শিশু তার অন্যান্য সহপাঠীদের থেকে বেশি অ্যাডভান্সড ইংলিশ দক্ষতা থেকে থাকে, তাহলে তাকে অ্যাডভান্সড লেভেলের শিক্ষাদান করা যেতে পারে।

কোনো নির্দিষ্ট শ্রেণিতে কতজন ELL শিক্ষার্থী রয়েছে, তার উপর ভিত্তি করে স্কুলগুলোকে নতুন একটি ভাষায় বাইলিঙ্গুয়াল প্রোগ্রাম তৈরি করতে হবে:

- এলিমেন্টারি (প্রাথমিক) ও মিডল (মধ্য) স্কুল: একই শ্রেণিতে **অথবা** 2টি পাশাপাশি শ্রেণিতে একই ভাষায় কথা বলা 15জন বা তার বেশি ELLs শিক্ষার্থী থাকতে হবে।

- হাই (উচ্চ) স্কুল: **একই** শ্রেণিতে একই ভাষায় কথা বলা 20জন বা তার বেশি ELLs শিক্ষার্থী থাকতে হবে।

উপরে উল্লিখিত সংখ্যক ELLs শিক্ষার্থী যদি স্কুলে থেকে থাকে, তাহলে আপনি আপনার সন্তানের স্কুলকে একটি বাইলিঙ্গুয়াল প্রোগ্রাম তৈরি করার কথা বলতে পারেন।

**যদি আপনার সন্তানের স্কুল ডিস্ট্রিক্টের কোনো স্কুল আপনার সন্তানের ভাষায় বাইলিঙ্গুয়াল প্রোগ্রাম অফার না করে থাকে, তাহলে আপনার সন্তানকে তখন অবশ্যই ENL প্রোগ্রাম নিতে হবে।**

## *ELL প্রোগ্রাম সম্পর্কে কী আমার সন্তানের স্কুল আমার সাথে যোগাযোগ করবে?*

**জ্বী।** NYS আইন অনুযায়ী, আপনার সন্তান স্কুলে ভর্তি হওয়ার 5 কর্ম দিবসের মধ্যেই আপনাকে জানানো হবে যে আপনার সন্তানকে ELL হিসেবে শনাক্ত করা হয়েছে কি না। আপনার সন্তান কোনো বাইলিঙ্গুয়াল বা ENL প্রোগ্রামে ভর্তি হওয়ার পূর্বে আপনার যেসব অধিকার রয়েছে, তা হল:

1. একটি অরিয়েন্টেশন সেশন পাওয়া যেখানে বিভিন্ন প্রোগ্রাম সম্পর্কে ব্যাখ্যা করা হবে;
2. স্টেটের স্ট্যান্ডার্ড ও পরীক্ষার বিবরণ এবং TBE, DL ও ENL প্রোগ্রামের রিকোয়ারমেন্ট জেনে নেওয়া; এবং
3. আপনার পছন্দের ভাষায় সব তথ্য পাওয়া। যেকোনো সমস্যা হলে, অনুগ্রহ করে আমাদের হেল্পলাইনে কল করুন।

## *ELL অবস্থা থেকে উত্তীর্ণ হওয়ার পরও আমার সন্তান কী ভাষা সংক্রান্ত কোনো পরিষেবার জন্য যোগ্য বলে বিবেচিত হবে?*

**জ্বী।** ইংলিশে দক্ষতা অর্জন (NYSESLAT নম্বরের উপর ভিত্তি করে) করার পর অন্তত 2 বছরের জন্য সাবেক ELLs শিক্ষার্থীরা প্রতি সপ্তাহে 90 মিনিট ইন্টিগ্রেটেড ENL (সাইন্স (বিজ্ঞান) বা ম্যাথ (গণিত)-এর মত নির্দিষ্ট বিষয়ে শিক্ষাদানের মাধ্যমে ইংলিশ ভাষার দক্ষতা গড়ে তোলা) অথবা সাবেক ELLশিক্ষার্থীদের জন্য অন্যান্য সাপোর্ট পরিষেবা পাবে।



**পরামর্শ:**

স্কুলের কর্মকর্তাদেরকে ELLs শিক্ষার্থীদের মা-বাবার সাথে বছরে অন্তত একবার করে হলেও দেখা করতে হবে যাতে শিশুর ভাষাগত বিকাশ, অগ্রগতি ও চাহিদা সম্পর্কে আলোচনা করে নেওয়া যায়।

## স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) & ডিজঅ্যাবিলিটি (অক্ষমতা) সম্পন্ন শিক্ষার্থী

### *স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) কী?*

স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) একটি প্রোগ্রাম যেখানে ডিজঅ্যাবিলিটি (অক্ষমতা) সম্পন্ন শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত শিক্ষাদান, সাপোর্ট ও পরিষেবা প্রদান করা হয়ে থাকে। এসব ডিজঅ্যাবিলিটির মধ্যে থাকতে পারে শিক্ষা সংক্রান্ত বা আচরণগত প্রতিবন্ধকতা এবং অতি গুরুতর শারীরিক ও বুদ্ধিবৃত্তিক অক্ষমতা। জেনারেল এডুকেশন ক্লাসরুমে সমবয়সী অন্যান্য শিক্ষার্থীদের সাথে স্পেশাল এডুকেশনের শিক্ষার্থীদেরকে শিক্ষাদান করা হতে পারে **অথবা** ডিজঅ্যাবিলিটি (অক্ষমতা) সম্পন্ন শিক্ষার্থীদের জন্য আলাদা ক্লাসরুমের ব্যবস্থা করা হতে পারে। শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী, কোনো শিক্ষার্থী "রিলেটেড সার্ভিসেস বা সংশ্লিষ্ট পরিষেবা" পেতে পারে, যেমন অকুপেশনাল থেরাপি, শারীরিক থেরাপি বা কাউন্সেলিং।

NYC স্পেশাল এডুকেশন সিস্টেম ও ডিজঅ্যাবিলিটি (অক্ষমতা) সম্পন্ন শিক্ষার্থীদের অধিকার সম্পর্কে আরও বিস্তারিত তথ্য জানার জন্য, see **AFC-এর গাইড টু স্পেশাল এডুকেশন** দেখুন, যা পাওয়া যাবে: ইংলিশ, স্প্যানিশ, আরবি, চাইনিজ এবং বাংলা ভাষায়।

### *আমার সন্তান কীভাবে স্পেশাল এডুকেশন পরিষেবা পাবে?*

স্পেশাল এডুকেশনের জন্য আপনার সন্তানকে যেন মূল্যায়ন করা হয় সেই অনুরোধ আপনি জানাতে পারেন। আপনাকে লিখিতভাবে আপনার সন্তানের স্কুল ডিস্ট্রিক্টের কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) বা স্কুলের প্রিন্সিপালের কাছে এই আবেদন করতে হবে।

স্কুলের কর্মকর্তারাও আপনার সন্তানকে স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য রেফার করতে পারবে। এই রেফারেল লিখিতভাবে হতে হবে এবং স্পেশাল এডুকেশনের বিষয়টি বিবেচনা করার আগে স্কুলের পক্ষ থেকে আপনার সন্তানকে জেনারেল শিক্ষা (যেমন, ENL, টিউটরিং, স্কুল-পরবর্তী বা আফটারস্কুল প্রোগ্রাম, আচরণগত কৌশল বা বিহেভিয়ার স্ট্র্যাটেজি)-এর মাধ্যমে কীভাবে সাহায্য করার চেষ্টা করা হয়েছে তার বিবরণ উল্লেখ করতে হবে। স্পেশাল এডুকেশনের জন্য আপনার সন্তানকে যেন মূল্যায়ন করা হয় সেই ব্যাপারে আপনাকেও লিখিত সম্মতি প্রদান করতে হবে।

### *ELLs শিক্ষার্থীরা কীভাবে স্পেশাল এডুকেশন পরিষেবা পেয়ে থাকে?*

মার্কিন যুক্তরাষ্ট্রে যত দিন ধরেই অবস্থান করা হোক না কেন, আপনার সন্তান তাৎক্ষণিকভাবেই স্পেশাল এডুকেশন পরিষেবা পেতে পারে।

**আপনার সন্তান ভালো মত ইংলিশে কথা বলতে পারে না দেখে তাকে স্পেশাল এডুকেশনের জন্য রেফার করা যাবে না।**

আপনার সন্তানকে যেকোনো সময়ে স্পেশাল এডুকেশনের জন্য রেফার করার অধিকার আপনার রয়েছে। ELLs-দেরকে ইংলিশ এবং তাদের নিজেদের ভাষা – দুই ভাষাতেই মূল্যায়ন করতে হবে। যদি আপনার সন্তানের প্রধান ভাষা ইংলিশ না হয়ে থাকে,

তাহলে বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন ইভ্যালুয়েশন-এর জন্য অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। আপনার সন্তানকে মূল্যায়ন করা হয়ে গেলে, আপনি স্কুলে একদল প্রফেশনালদের সাথে দেখা করবেন যাতে আপনার সন্তানের স্পেশাল এডুকেশনের প্রয়োজন আছে কি না সেই ব্যাপারে আলোচনা করে নেওয়া যায়। এই দলের মধ্যে থাকবে একজন শিক্ষক বা সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী এমন একজন যে অন্য ভাষার মানুষদের ইংলিশ ভাষা শেখানোর জন্য বা বাইলিঙ্গুয়াল পরিষেবা প্রদান করার জন্য প্রত্যয়িত বা সার্টিফাইড। যদি আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য যোগ্য হয়ে থাকে, তাহলে প্রফেশনালদের সেই দলটি আপনার সন্তানের জনয একটি ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) তৈরি করবে। এই ডকুমেন্টে আপনার সন্তানের জন্য প্রোগ্রাম ও পরিষেবার বিবরণ এবং শিক্ষা সংক্রান্ত লক্ষ্য উল্লেখ করা থাকবে।

## *স্পেশাল এডুকেশনে আমার সন্তান কি ELL পরিষেবা পেতে পারে?*

**জ্বী।** যদি আপনার সন্তান একজন ELL শিক্ষার্থী হয়ে থাকে, তাহলে সে স্পেশাল এডুকেশন এবং ELL -দুইটি পরিষেবাই পাবে।

**দ্রষ্টব্য:**

0 থেকে 3 বছর বয়সী শিশুদের মধ্যে যাদের দেরিতে বিকাশ হয়েছে, তারা আর্লি ইন্টারভেনশন (EI) প্রোগ্রামের পরিষেবার জন্য যোগ্য বলে বিবেচিত হবে। EI-এর জন্য কোনো শিশুকে রেফার করার জন্য, কল করুন 311 নম্বরে এবং **AFC-এর গাইড টু আর্লি ইন্টারভেনশন** দেখুন, যা পাওয়া যাবে ইংলিশ এবং স্প্যানিশ ভাষায়।

## *আমার সন্তান কি বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন পরিষেবা পেতে পারে?*

**জ্বী।** বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশনের মধ্যে বিভিন্ন পরিষেবা অন্তর্ভুক্ত রয়েছে, যেমন বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন ক্লাসরুম যেখানে ইংলিশ এবং আপনার সন্তানের নিজের ভাষায় শিক্ষাদান করা হয়ে থাকে এবং বাইলিঙ্গুয়াল সংশ্লিষ্ট পরিষেবা, যেমন বাইলিঙ্গুয়াল স্পিচ ল্যাঙ্গুয়েজ থেরাপি, শারীরিক থেরাপি বা আপনার সন্তানের নিজের ভাষায় কাউন্সেলিং সেবা। আরও তথ্য জানার জন্য ELLs ও স্পেশাল এডুকেশন সংক্রান্ত AFC-এর গাইড দেখুন, যা পাওয়া যাবে ইংলিশ, স্প্যানিশ, আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রিওল, রাশিয়ান, এবং উর্দু ভাষায়।

**সতর্কতা:**

আপনার সন্তানের চাহিদা অনুযায়ী (ELL সহ) কোনো উপযুক্ত পরিষেবা বা প্রোগ্রাম অফার করা যাচ্ছে না দেখে স্কুলের পক্ষ থেকে আপনার সন্তানের IEP পরিবর্তন **করা যাবে না**।

## *যদি আমার সন্তানের স্কুলে কোনো বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন ক্লাস না থাকে?*

আপনার সন্তান:

1. ENL সহ ইংলিশে শিক্ষাদান করা হয় এমন একটি স্পেশাল এডুকেশন ক্লাসে সাময়িকভাবে অংশ নিতে পারে;
2. তাকে ক্লাসের মধ্যে বুঝানোর জন্য কোনো বাইলিঙ্গুয়াল প্যারাপ্রফেশনাল উপস্থিত থাকতে পারে; বা
3. এমন স্কুলে ট্রান্সফার হতে পারে যেখানে বালিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন পরিষেবা বা বাইলিঙ্গুয়াল ক্লাসরুম রয়েছে। ট্রান্সফারের বিষয়ে আপনার সন্তানের স্কুলকে জানাতে হবে। সহায়তার জন্য আপনি DOE-কে ইমেইল করতে পারেন BSEprograms@schools.nyc.gov এই ঠিকানায়।

## *আমি কি আমার সন্তানের স্পেশাল এডুকেশন ডকুমেন্টের অনুবাদ পাওয়ার অনুরোধ জানাতে পারব?*

**জ্বী।** আপনার পছন্দের ভাষায় অনুবাদ করা আপনার সন্তানের সকল IEP, মূল্যায়নের ফলাফল এবং স্পেশাল এডুকেশন সংক্রান্ত নোটিশ পাওয়ার অধিকার আপনার রয়েছে। মিটিংয়ে দোভাষী পাওয়ার অধিকারও আপনার রয়েছে। আপনার সন্তানের স্কুলে আপনি অনুবাদ ও দোভাষীর জন্য অনুরোধ জানাতে পারেন। যদি এসব পরিষেবা প্রদান করা না হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে আমাদের হেল্পলাইনে কল করুন। আপনি **(718) 935-2013** নম্বরে কল করে ডিপার্টমেন্ট অফ এডুকেশন (DOE)-এর কাছেও অভিযোগ জানাতে পারেন।

## *আমার সন্তানের IEP-তে থাকা পরিষেবা যদি আমার সন্তানের স্কুলে প্রদান করা না হয়ে থাকে?*

যদি আপনার সন্তান চাহিদা মত উপযুক্ত ক্লাস, পরিষেবা এবং/বা ল্যাঙ্গুয়েজ সাপোর্ট না পেয়ে থাকে, তাহলে আপনি ইমপারশাল হিয়ারিং বা নিরপেক্ষ শুনানির জন্য আবেদন করতে পারেন যার মাধ্যমে এমন আদেশ বা অর্ডার পাওয়া যেতে পারে যার ফলে DOE-কে এসব প্রয়োজনীয় পরিষেবা প্রদান করতে হবে।

## *আমি কীভাবে ইমপারশাল হিয়ারিং বা নিরপেক্ষ শুনানির জন্য আবেদন করতে পারি?*

আপনি IHOQuest@schools.nyc.gov এই ঠিকানায় ইমেইল করার মাধ্যমে ইমপারশাল হিয়ারিং অফিসের কাছে লিখিতভাবে আবেদন জানাতে পারেন অথবা আপনি আপনার আবেদনের অনুলিপি ডাকযোগে পাঠাতে পারেন এই ঠিকানায়:

NY স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট
P-12 অফিস অফ স্পেশাল এডুকেশন
89 ওয়াশিংটন অ্যাভিনিউ – রুম309EB
অ্যালবানি, NY 12234

**পরামর্শ:**

ইমপারশাল হিয়ারিং বা নিরপেক্ষ শুনানিতে একজন দোভাষী পাওয়ার অধিকার আপনার রয়েছে এবং শুনানির তারিখের পূর্বেই আপনাকে এই সংক্রান্ত অনুরোধ জানাতে হবে।

ইমপারশাল হিয়ারিং বা নিরপেক্ষ শুনানির আবেদন কীভাবে করতে হবে সেই সংক্রান্ত তথ্য DOE-এর ওয়েবসাইটে পাওয়া যাবে। আরও জানার জন্য **AFC-এর গাইড টু স্পেশাল এডুকেশন ইমপারশাল হিয়ারিংস** দেখে নিতে পারেন, যা পাওয়া যাবে ইংলিশ এবং স্প্যানিশ ভাষায়।

# সাসপেনশন (অপসারণ)

সাসপেনশন হল ক্লাসরুম থেকে কোনো শিশুকে অপসারণ করা। দুই ধরনের সাসপেনশন রয়েছে:

- **প্রিন্সিপাল কর্তৃক সাসপেনশন** – যা 5 দিন পর্যন্ত হতে পারে, এবং
- **সুপারইন্টেন্ডেন্ট কর্তৃক সাসপেনশন** – যা 1 বছর পর্যন্ত হতে পারে। সুপারইন্টেন্ডেন্ট কর্তৃক সাসপেনশন এক্সপালশন বা বহিষ্কারে রূপ নিতে পারে যদি স্কুলের প্রথম দিনে সাসপেন্ডকৃত শিক্ষার্থীর বয়স 17 বছরের বেশি হয়ে থাকে। শিক্ষার্থীদেরকে স্কুল থেকে সাসপেন্ড করা হয় যদি তারা নিজেদের বা অন্যদের জন্য বিপদ বলে বিবেচিত হয়ে থাকে। ELLs শিক্ষার্থীদেরকেও সাসপেন্ড করা হতে পারে।

যদি আপনার সন্তানকে সাসপেন্ড করা হয়ে থাকে, তাহলে সকল হোমওয়ার্ক, ক্লাসওয়ার্ক এবং সাসপেনশনের সময়কালীন অন্য কোনো স্থানে শিক্ষাদান পাওয়ার অধিকার আপনার সন্তানের রয়েছে।

## *আমার সন্তান সাসপেন্ড হয়ে থাকলে আমি কী করতে পারি?*

যদি আপনার সন্তান সাসপেন্ড হয়ে থাকে, তাহলে এই সম্পর্কে তৎক্ষণাৎ মৌখিকভাবে জানার এবং আপনার সন্তানের বিরুদ্ধে যেসব অভিযোগ রয়েছে তা লিখিতভাবে জানার অধিকার আপনার রয়েছে। আপনার সন্তানের বিরুদ্ধে যেসব প্রমাণ সংগ্রহ করা হয়েছে সেগুলো দেখার অধিকার আপনার রয়েছে। **আপনি যে ভাষা বুঝতে পারেন সেই ভাষায় এই তথ্য প্রদান করতে হবে।**

**সাসপেনশন কনফারেন্স** (প্রিন্সিপাল কর্তৃক সাসপেনশনের জন্য) **অথবা হিয়ারিং বা শুনানি** (সুপারইন্টেন্ডেন্ট কর্তৃক সাসপেনশনের জন্য) পাওয়ার অধিকারও আপনার রয়েছে। সাসপেনশন কনফারেন্স এবং হিয়ারিং বা শুনানিতে কোনো প্রতিনিধি বা অ্যাডভোকেট আনার অধিকার মা-বাবা এবং শিক্ষার্থীদের রয়েছে। কোনো প্রতিনিধি আনার অনুরোধ জানানোর জন্য, আপনি AFC-এর হেল্পলাইনে কল করতে পারেন (866) 427-6033 এই নম্বরে অথবা লিগ্যাল সার্ভিসেস NYC-এ কল করতে পারেন (917) 661-4500 এই নম্বরে।



**পরামর্শ:**

যদি আপনার সন্তান ডিজঅ্যাবল (অক্ষম) হয়ে থাকে, অনুগ্রহ করে আমাদের হেল্পলাইনে কল করুন। কিছু বিশেষ প্রসিডিউর রয়েছে যেগুলো জানার এবং যদি তা করা হয়ে থাকে, তাহলে তাতে অংশ নেওয়ার অধিকার আপনার রয়েছে।

# প্রমোশন (পরবর্তী শ্রেণিতে উন্নীতকরণ) ও গ্র্যাজুয়েশন (শিক্ষা কার্যক্রম সম্পন্ন করা)

**চ্যান্সেলর'স রেগুলেশন A-501**-তে প্রতিটি শ্রেণির জন্য প্রমোশন গাইডলাইন বা নির্দেশনা দেওয়া আছে। এই গাইডলাইন বা নির্দেশনা আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেইশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ ও উর্দু ভাষায় অনুবাদ করা হয়েছে।

## *এক শ্রেণি থেকে আরেক শ্রেণিতে প্রমোটেড হওয়ার জন্য আমার সন্তানের কী করতে হবে?*

আমাদের পরামর্শ হল আপনি DOE ওয়েবসাইটে দেওয়া বিস্তারিত প্রমোশন গাইডলাইন বা নির্দেশনা পড়ে নিতে পারেন, তবে নিচে দেওয়া এই চার্টে শ্রেণি অনুযায়ী প্রমোশনের জন্য মৌলিক ক্রাইটেরিয়া বা মানদন্ড তালিকাভুক্ত করা হয়েছে:

| শ্রেণি | মৌলিক ক্রাইটেরিয়া বা মানদন্ড |
|---|---|
| কিন্ডারগার্টেন – 2 (দ্বিতীয়) শ্রেণি | আপনার সহযোগিতায় স্কুলের কর্মকর্তারা সিদ্ধান্ত নেবে যে তারা আপনার সন্তানকে প্রমোট করবে কি না। |
| 3 (তৃতীয়) – 8 (অষ্টম) শ্রেণি | পরীক্ষার নম্বর, কোর্সের গ্রেড, রিপোর্ট কার্ড, শিক্ষার্থীদের করা প্রজেক্ট ও অ্যাসাইনমেন্টের পর্যালোচনার ভিত্তিতে প্রমোশন সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকে। প্রমোশন সংক্রান্ত সিদ্ধান্তে স্টেট পরীক্ষার নম্বর বড় কোনো বিষয় হয়ে দাঁড়াবে না। |
| 9 (নবম) – 12 (দ্বাদশ) শ্রেণি (হাই স্কুল) | উপস্থিতির হার এবং শিক্ষার্থীর কত ক্রেডিট রয়েছে তার উপর ভিত্তি করে প্রমোশন দেওয়া হয়ে থাকে:<br><br>10 (দশম) শ্রেণিতে প্রবেশ করার জন্য 8 ক্রেডিট<br>11 (একাদশ) শ্রেণিতে প্রবেশ করার জন্য 20 ক্রেডিট<br>12 (দ্বাদশ) শ্রেণিতে প্রবেশ করার জন্য 30 ক্রেডিট |

## *ELLs শিক্ষার্থীদেরকে কি স্কুলে ধরে রাখা যায়?*

**জ্বী।** ELLs শিক্ষার্থীদেরকে ধরে রাখা যাবে যদি তারা কোনো শ্রেণিতে অকৃতকার্য হয়ে থাকে অথবা তাদের শ্রেণির ক্ষেত্রে প্রমোশনের জন্য নির্দিষ্ট ক্রাইটেরিয়া বা মানদন্ড পূরণ করতে ব্যর্থ হয়ে থাকে। ভালো মত ইংলিশ বলতে না পারার জন্য ELLs শিক্ষার্থীদেরকে কোনো শ্রেণিতে ধরে রাখা যাবে না।

দুই ধরনের ELLs শিক্ষার্থীদের গ্রুপ এসব প্রমোশন মানদন্ডের আওতায় পড়বে না:

1. 3-7 শ্রেণির ELLs শিক্ষার্থীরা যারা 2 বছরের কম সময় ধরে কোনো আমেরিকান পাবলিক স্কুলে পড়াশোনা করেছে এবং 8 শ্রেণির ELLs শিক্ষার্থীরা যারা 1 বছরের কম সময় ধরে কোনো আমেরিকান পাবলিক স্কুলে পড়াশোনা করেছে; **এবং**
2. স্পেশনাল এডুকেশন শিক্ষার্থীরা (ELLs সহ) যাদের IEP-তে উল্লেখ করা আছে যে তারা প্রমোশন মানদন্ড থেকে অব্যাহতি পাবে **অথবা** তাদের জন্য পরিবর্তিত প্রমোশন ক্রাইটেরিয়া মানদন্ড ব্যবহার করা হবে।

## *যদি আমার সন্তানের ক্ষেত্রে স্কুলে ধরে রাখার ঝুঁকি থাকে, তাহলে স্কুল আমার সাথে কীভাবে যোগাযোগ করবে?*

যদি আপনার সন্তানের ক্ষেত্রে স্কুলে ধরে রাখার ঝুঁকি থাকে, তাহলে বছরে তিন বার স্কুল থেকে তা আপনাকে জানানো হবে:

- ফল (শরৎ ও হেমন্ত) মৌসুমের প্যারেন্ট টিচার কনফারেন্সের সময়
- ফেব্রুয়ারির 15 তারিখের মধ্যে লিখিতভাবে (যাকে বলা হয় "প্রমোশন ইন ডাউট" চিঠি)
- স্কুল বর্ষ শেষ হওয়ার পূর্বেই লিখিতভাবে ডাকযোগে।

*সতর্কতা:*

স্কুল যদি আপনাকে জানাতে ভুলেও যায়, তবুও স্কুল আপনার সন্তানকে ধরে রাখতে পারবে।

## *আমার সন্তানকে ধরে রাখার স্কুলের যে সিদ্ধান্ত সেটার জন্য কি আমি আপিল করতে পারব?*

জ্বী। যদি আপনি স্কুলের সিদ্ধান্তের সাথে একমত না হয়ে থাকেন, তাহলে আপনি প্রিন্সিপালের কাছে লিখিত আপিল জমা দিতে পারেন। সুপারইন্টেন্ডেন্ট প্রিন্সিপালের সিদ্ধান্ত পর্যালোচনা করে দেখবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।

## *হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট করার জন্য আমার সন্তানের কী করতে হবে?*

আপনার সন্তানকে অবশ্যই 44 ক্রেডিট সম্পন্ন করতে হবে এবং 4টি রিজেন্ট পরীক্ষায় (ইংলিশ, ম্যাথ বা গণিত, সোশ্যাল স্টাডিজ ও সাইন্স বা বিজ্ঞান) 65 বা তার বেশি নম্বর পেয়ে কৃতকার্য হতে হবে এবং তার পছন্দ মত স্টেট-অনুমোদিত 5 (পঞ্চম) পরীক্ষা (যেমন অতিরিক্ত আরেকটি রিজেন্ট পরীক্ষা, অ্যাডভান্সড প্লেসমেন্ট পরীক্ষা, ক্যারিয়ার ও টেকনিক্যাল এডুকেশন (CTE) পরীক্ষা) দিতে হবে। ডিজঅ্যাবিলিটি (অক্ষমতা) সম্পন্ন শিক্ষার্থী এবং ELLs-দের জন্য বিশেষ নম্বর পদ্ধতির অপশন রয়েছে।

ELLs-দেরকে গ্র্যাজুয়েট হওয়ার জন্য NYSESLAT পাশ করার প্রয়োজন নেই; **তবে**, তাদেরকে ইংলিশ বিষয়ে রিজেন্ট পরীক্ষায় কৃতকার্য হতে হবে। যদি কোনো ELL শিক্ষার্থী ইংলিশ ভাষায় অন্য কোনো বিষয় বুঝতে না পারে, তাহলে সে তার পছন্দের ভাষায় অন্য বিষয়গুলোর পরীক্ষা দিতে পারবে।



আরও তথ্য জানার জন্য **AFC-এর** হাই স্কুল প্রমোশন এন্ড গ্র্যাজুয়েশন ফর ELLs হ্যান্ডআউট দেখুন, যা পাওয়া যাবে ইংলিশ, স্প্যানিশ, বাংলা, চাইনিজ ও হেইশিয়ান ক্রিওল ভাষায়।

# ডিসক্রিমিনেশন (বৈষম্য)

বর্ণ, রঙ, জাতিগত বা দেশিয় পরিচয়, ধর্ম অথবা ইমিগ্রেশন (অভিবাসন) স্ট্যাটাসের উপর ভিত্তি করে কোনো স্কুলের পক্ষ থেকে আপনার বা আপনার সন্তানের প্রতি বৈষম্য করা সম্পূর্ণ বেআইনী।

## *ডিসক্রিমিনেশন (বৈষম্য) কী?*

কয়েকটি উদাহরণ দেওয়া হল:

- আপনার সন্তানকে যেই পাবলিক স্কুল ভর্তি করতে চান, সেই স্কুলের একজন কর্মকর্তা আপনাকে বলল যে আপনার সন্তান আমেরিকান নয় দেখে সে স্কুলে ভর্তি হতে পারবে না।
- আপনার সন্তান আপনাকে জানায় যে তার শিক্ষক তাকে "তার নিজ দেশে ফেরত" যেতে বলেছে।

**যদি আপনি বা আপনার সন্তানের প্রতি কোনো বৈষম্য বা হয়রানি করা হয়ে থাকে, তাহলে আপনি নিচে দেওয়া যেকোনো এজেন্সির কাছে অভিযোগ করতে পারেন:**

- NYC DOE অফিস অফ ইকুয়াল অপরচুনিটি (OEO): (718) 935-3320 নম্বরে কল করে
  *যেই ঘটনা নিয়ে অভিযোগ করা হবে, সেই ঘটনা ঘটার এক বছরের মধ্যে OEO-এর কাছে অভিযোগ করতে হবে।*
- U.S. ডিপার্টমেন্ট অফ এডুকেশন, অফিস ফর সিভিল রাইটস: (646) 428-3900 নম্বরে কল করে
- নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস: (718) 722-3131 নম্বরে কল করে

## *DOE কীভাবে আমার সন্তানকে বুলিয়িংয়ের বিরুদ্ধে রক্ষা করে থাকে?*

DOE এটা কখনও অনুমোদন দেয় না যে শিক্ষার্থীরা এমন কোনো আচরণ করবে যার ফলে অন্য শিক্ষার্থীরা অনিরাপদ বোধ করবে বা তাদের কোনো শারীরিক আঘাত বা আবেগীয় ক্ষতি হবে।

DOE কখনও এমন কোনো আচরণ অনুমোদন করে না যার ফলে অন্য কোনো শিক্ষার্থীর শিক্ষা, মানসিক, আবেগীয় বা শারীরিক সুস্থতার ব্যাঘাত ঘটতে পারে।

প্রতিটি পাবলিক স্কুলে একজন কর্মকর্তা আছে যে রেসপেক্ট ফর অল (RFA) লিয়াজোঁ হিসেবে কাজ করে থাকে। আপনি RFA লিয়াজোঁর কাছে অথবা অনলাইনে বুলিয়িং রিপোর্ট করতে পারেন https://www.nycenet.edu/bullyingreporting এই লিংকে।



স্কুল কর্মকর্তারা শিক্ষার্থীদেরকে বুলিয়িং, হয়রানি বা বৈষম্য করা পারবে না। এরকম কিছু ঘটলে, মা-বাবা এবং শিক্ষার্থীরা তা প্রিন্সিপালকে জানাতে পারে, অফিস অফ স্পেশাল ইনভেস্টিগেশন (OSI)-এ কল করতে পারে (718) 935-3800 এই নম্বরে অথবা OSI-এর কাছে অনলাইনে রিপোর্ট করতে পারে https://www.nycenet.edu/cpu/home/complaint এই লিংকে।

**যদি আপনার মনে হয় আপনি বা আপনার সন্তান বুলিয়িংয়ের শিকার হচ্ছেন:**

- **তাৎক্ষণিকভাবে ঘটনাটি স্কুলের কাছে রিপোর্ট করুন**, অথবা;
- যদি আপনি স্কুলের কর্মকর্তার কাছে ঘটনাটি রিপোর্ট করতে স্বচ্ছন্দ বোধ না করে থাকেন অথবা আপনি স্কুলে রিপোর্ট করেছেন কিন্তু তারপরও বুলিয়িংয়ের আচরণ অব্যাহত রয়েছে, তাহলে আপনি **অফিস অফ স্কুল এন্ড ইয়ুথ ডেভেলপমেন্ট (OSYD)**-কে ইমেইল করতে পারেন respectforall@schools.nyc.gov এই ঠিকানায়।



# আমার সন্তানের শিক্ষায় আমি কীভাবে সম্পৃক্ত হতে পারি?

বিভিন্নভাবে আপনি আপনার সন্তানের শিক্ষায় অংশ নিতে পারেন। কিছু উদাহরণ দেওয়া হল:

- **কোনো প্যারেন্ট বা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন (PA/PTA)**-এ যোগদান করে। প্রতিটি স্কুলেই এরকম সংস্থা রয়েছে এবং স্কুলের সকল সিদ্ধান্তের ব্যাপারে তাদের পরামর্শ নেওয়া হয়ে থাকে। তবে,স্কুল কীভাবে চলবে সেই সংক্রান্ত চূড়ান্ত কোনো সিদ্ধান্ত PAs ও PTAs-রা নিতে পারে না।

- যদি আপনার সন্তানের স্কুলে কোনো **প্যারেন্ট কোঅর্ডিনেটর** থেকে থাকে, তাহলে তার সাথে যোগাযোগ করা। প্যারেন্ট কোঅর্ডিনেটররা মা-বাবাদের উদ্বেগ নিয়ে কাজ করা এবং মা-বাবাদের সম্পৃক্ততার জন্য সহায়তা প্রদান করে থাকে।

- **স্কুল লিডারশিপ টিম**-এ অংশ নেওয়া। এগুলো হল স্কুল-ভিত্তিক সংস্থা যা প্রতিটি স্কুলেই রয়েছে। সমান সংখ্যক প্যারেন্ট ও স্কুলের কর্মকর্তারা মাসে অন্তত একবার দেখা করা এবং বাজেট, শিক্ষাক্রম, ELL পরিষেবা ইত্যাদি বিষয়ে স্কুলের পলিসি নিয়ে আলোচনা করে থাকে।

- **TITLE I প্যারেন্ট অ্যাডভাইজারি কাউন্সিল**-এ অংশ নেওয়া: এটি একটি ফেডারেল প্রোগ্রাম যার মাধ্যমে ELLs সহ নিম্ন -আয়ের ব্যাকগ্রাউন্ড থেকে আসা এবং মাইনরিটি (সংখ্যালঘু) শিশুদের অবস্থা উন্নত করার চেষ্টা করা হয়ে থাকে। আরও তথ্য জানার জন্য আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন।

- **কমিউনিটি অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল (CEC)**-তে যোগদান করার আবেদন জানানো: এগুলো হল NYC জুড়ে থাকা 32টি সংস্থার সমষ্টি যারা তাদের নিজ নিজ পাবলিক স্কুল ডিস্ট্রিক্টের শিক্ষা সংক্রান্ত পলিসি ও অগ্রাধিকারের বিষয়সমূহ নিয়ে কাজ করে থাকে। CEC-তে যোগ দেওয়ার আরও তথ্য পাওয়া যাবে DOE-এর ওয়েবসাইটে: http://nycparentleaders.org

- **সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস (CCELL)**- তে যোগদান করার আবেদন জানানো**:** https://www.ccell.org.

- **কমিউনিটি-ভিত্তিক কোনো সংস্থা**-য় যোগদান করা যাদের উদ্দেশ্য হল NYC-তে পাবলিক শিক্ষাকে উন্নত এবং সাপোর্ট করা।

## প্যারেন্ট (মা-বাবা) হিসেবে আমার কী কী অধিকার রয়েছে?

- **আপনার পছন্দের ভাষায় স্কুল সম্পর্কিত তথ্য** (প্রগ্রেস রিপোর্ট, রিপোর্ট কার্ড, নোটিশ ইত্যাদি) পাওয়ার অধিকার আপনার রয়েছে। যেসব ভাষায় তথ্য পাওয়া যাবে, সেগুলো হল আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেইশিয়াল ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দু।

- **অনুবাদ সেবা ও দোভাষীর সুবিধা সহ প্যারেন্ট-টিচার কনফারেন্স-**এ অংশ নেওয়ার অধিকার আপনার রয়েছে। এসব সেবা-সুবিধা আপনি কীভাবে পেতে পারেন সেই সংক্রান্ত নোটিশ স্কুলের পক্ষ থেকে পোস্ট করা হবে। যদি আপনার সন্তানের স্কুলে এই সংক্রান্ত কোনো নোটিশ আপনার চোখে না পড়ে থাকে, তাহলে তথ্য জানার জন্য স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা প্রিন্সিপালের সাথে যোগাযোগ করতে পারেন।

- **আপনার সন্তানের সকল স্কুল রেকর্ডের অনুলিপি** পাওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি রেকর্ডগুলো পাওয়ার আবেদন জানানোর সর্বোচ্চ 45 দিনের মধ্যে তা আপনাকে তাৎক্ষণিকভাবে প্রদান করতে হবে। আপনার সন্তানের রেকর্ডে থাকা কোনো তথ্যের ব্যাপারে আপিল করার বা পরিবর্তন চাওয়ার অধিকার আপনার রয়েছে।

- **আপনার সন্তানের স্কুল**-এর কমিউনিটি ও পরিচালনা সংক্রান্ত বিষয়ে **সম্পৃক্ত হওয়ার** অধিকার আপনার রয়েছে।



তবে এটা দুর্ভাগ্যজনক যে, অনেক সময় প্যারেন্টরা তাদের প্রয়োজন মত অনুবাদ সেবা ও দোভাষীর সুবিধা পান না। যদি আপনি এরকম কোনো অসুবিধার সম্মুখীন হয়ে থাকেন, তাহলে আমাদের হেল্পলাইনে কল করুন অথবা **DOE-এর ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস কমপ্লেইন্ট লাইন**-এ কল করুন (718) 935-2013 এই নম্বরে।

# যদি আমার কোনো উদ্বেগ ও প্রশ্ন থাকে, তাহলে DOE-তে আমি কার সাথে কথা বলতে পারি?

***আপনার সন্তান স্কুলে ELL সহ যেসব পরিষেবা পেয়ে থাকে, সেই ব্যাপারে যদি আপনার কোনো সমস্যা থেকে থাকে, তাহলে নিচে উল্লিখিত ব্যক্তিদের সাথে কথা বলুন:***

### *আপনার সন্তানের স্কুলে:*

- আপনার সন্তানের শিক্ষক
- স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটর
- স্কুলের ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস কোঅর্ডিনেটর
- স্কুলে থাকা রেসপেক্ট ফর অল লিয়াজোঁ
- স্কুলের প্রিন্সিপাল

### *আপনার সন্তানের স্কুলের বাইরে:*

সুপারইন্টেন্ডেন্টবৃন্দ সকল NYC পাবলিক স্কুলের তদারকি করে থাকেন। যদি আপনার সন্তানের স্কুলের মাধ্যমে কোনো বিষয় মীমাংসা করা বা সহায়তা পাওয়া না যায়, তাহলে আপনি অধিকতর সহায়তা পাওয়ার জন্য আপনার সন্তানের স্কুলের সুপারইন্টেন্ডেন্টের অফিসের সাথে যোগাযোগ করতে পারেন।

সুপারইন্টেন্ডেন্টের পাশাপাশি আপনার সন্তানের স্কুলের কোনো বিষয় মীমাংসা করার ক্ষেত্রে সহায়তা পাওয়ার জন্য একজন ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের সাথে কথা বলতে পারেন।

## যোগাযোগ

DOE স্কুল ডিরেক্টরি ব্যবহার করে আপনার সন্তানের স্কুল ডিস্ট্রিক্টের সাথে যোগাযোগ করার তথ্য জেনে নিতে পারেন।



# ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-সমূহ

আপনার সন্তানকে স্কুলে রেজিস্টার করানোর জন্য আপনার স্থানীয় ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-সমূহে যোগাযোগ করুন। এই সেন্টারগুলো সোমবার থেকে শুক্রবার সকাল ৪টা থেকে বিকাল 3টা পর্যন্ত খোলা থাকে। ফ্যামিলি ওয়েলকাম সেন্টার (পারিবারিক অভ্যর্থনা কেন্দ্র)-সমূহে অনুবাদ সেবা এবং দোভাষীর সুবিধা পাওয়া যাবে:

| বরো | আওতাধীন ডিস্ট্রিক্ট | ঠিকানা & ইমেইল | ফোন নম্বর |
|---|---|---|---|
| ব্রনক্স | 7, 9, 10 | 1 ফোর্ডহ্যাম প্লাজা, 7th ফ্লোর<br>FordhamFWC@schools.nyc.gov | 718-329-8050 |
| | 8, 11, 12 | 1230 জেরেগা অ্যাভিনিউ, রুম 24<br>ZeregaFWC@schools.nyc.gov | 718-828-7546 |
| ব্রুকলিন | 17, 18, 22 | 1780 ওশেন অ্যাভিনিউ, 3rd ফ্লোর<br>OceanFWC@schools.nyc.gov | 718-758-7744 |
| | 20, 21 | 415 89th স্ট্রিট, 5th ফ্লোর<br>89thFWC@schools.nyc.gov | 718-759-3900 |
| | 19, 23, 32 | 1665 সেইন্ট মার্ক'স অ্যাভিনিউ, রুম 116<br>StMarksFWC@schools.nyc.gov | 718-240-3609 |
| | 13, 14, 15, 16 | 355 পার্ক প্লেস<br>ParkPlaceFWC@schools.nyc.gov | 718-623-5069 |
| ম্যানহ্যাটন | 1, 2, 4 | 333 7th অ্যাভিনিউ, 12th ফ্লোর., রুম 1211<br>333FWC@schools.nyc.gov | 917-339-1763 |
| | 3, 5, 6 | 123 মর্নিংসাইড ড্রাইভ, রুম 235<br>MorningsideFWC@schools.nyc.gov | 332-228-0312 |
| কুইন্স | 24, 30 | 28-11 কুইন্স প্লাজা নর্থ, 3rd ফ্লোর<br>QueensPlazaNFWC@schools.nyc.gov | 718-391-6270 |
| | 25, ,26 | 30-48 লিন্ডেন প্লেস, 2nd ফ্লোর<br>LindenFWC@schools.nyc.gov | 718-281-3538 |
| | 27, 28, 29 | 90-27 সুটফিন বুলেভার্ড, 1st ফ্লোর<br>SutphinFWC@schools.nyc.gov | 718-557-2786 |
| স্ট্যাটেন আইল্যান্ড | 31 | 715 ওশেন টেরেস, বিল্ডিং A<br>PetridesFWC@schools.nyc.gov | 718-420-5654 |

# ইমিগ্রেশন অ্যাসিস্টেন্স (অভিবাসন সংক্রান্ত সহায়তা)-এর জন্য আমাকে কার কাছে যেতে হবে?

**CUNY সিটিজেনশিপ নাও** সেন্টারগুলো অ্যাপয়েন্টমেন্ট নেওয়া সাপেক্ষে বিনামূল্যের ইমিগ্রেশন (অভিবাসন) সেবা প্রদান করে থাকে।

| CUNY ইমিগ্রেশন সেন্টার | ভাষা | ফোন | সময় | ঠিকানা |
|---|---|---|---|---|
| হোস্টোস কমিউনিটি কলেজ | ইংলিশ, স্প্যানিশ | 718-518-4395 | সোম-শুক্র,<br>সকাল 9টা- দুপুর 1টা<br>দুপুর 2টা- বিকাল5টা | 427 ওয়ালটন অ্যাভিনিউ, T-501<br>ব্রনক্স, NY 10451 |
| মেডগার এভারস কলেজ | ইংলিশ, স্প্যানিশ, পোলিশ | 718-270-6292 | সোম-শুক্র,<br>সকাল 9টা- দুপুর1:15টা<br>দুপুর1:45টা- বিকাল 4টা | 1150 ক্যারোল স্ট্রিট, রুম 226<br>ব্রুকলিন, NY 11225 |
| সিটি কলেজ | ইংলিশ, স্প্যানিশ, ইটালিয়ান | 212-650-6620 | সোম-শুক্র,<br>সকাল 9টা- বিকাল 5টা | 160 কভেন্যান্ট অ্যাভিনিউ, নর্থ অ্যাকাডেমিক সেন্টার, রুম 1-206<br>নিউ ইয়র্ক, NY 10031 |
| CUNY ইন দ্যা হাইটস | ইংলিশ, স্প্যানিশ | 646-664-9350 | সোম-শুক্র,<br>সকাল 9টা- বিকাল 5টা | 5030 ব্রডওয়ে, স্যুইট H202<br>নিউ ইয়র্ক, NY 10034 |
| ফ্লাশিং | ইংলিশ, চাইনিজ, কোরিয়ান, স্প্যানিশ | 718-640-9223 | সোম-শুক্র,<br>সকাল 9:30টা- দুপুর 1টা<br>দুপুর 2টা-বিকাল 4:30টা | 39-07 প্রিন্স স্ট্রিট, স্যুইট 2B<br>ফ্লাশিং, NY 11354 |
| ইয়র্ক কলেজ | ইংলিশ, স্প্যানিশ | 646-664-9400 | সোম-শুক্র,<br>সকাল 9:00টা- বিকাল 4:00টা | 94-20 গাই ব্রুয়ার বুলেভার্ড<br>জ্যামাইকা, NY 11451 |
| এল সেনত্রো দেল ইমিগ্রান্তে | ইংলিশ, স্প্যানিশ | 347-825-2086 | সোম-শনি<br>সকাল 7:00টা – দুপুর 12টা | 260 পোর্ট রিচমন্ড অ্যাভিনিউ, স্ট্যাটেন আইল্যান্ড, NY 10302 |

**দ্যা ডোর, লিগ্যাল এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস:**

এই লিগ্যাল সার্ভিসেস সেন্টার 12 থেকে 21 বছর বয়সী তরুণদের নিয়ে কাজ করে থাকে। ইমেইল করা যাবে legalhelp@door.org এই ঠিকানায় অথবা কল করা যাবে 212-941-9090, এক্সটেনশন 3280 এই নম্বরে।

**লিগ্যাল আইড সোসাইটি, ইমিগ্রেশন প্রজেক্ট:**

আটককৃত ইমিগ্র্যান্ট (অভিবাসী)-দের জন্য ইমিগ্রেশন ল' ইউনিট হটলাইন, সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা- বিকাল 5টা: 1-844-955-3425। যেসব ইমিগ্র্যান্ট (অভিবাসী)-দের আটক করা হয়নি কিন্তু ইমিগ্রেশন (অভিবাসন) আদালতে তাদের চলমান মামলা রয়েছে, তাদেরকে কল করতে হবে 212-577-3300 এই নম্বরে।

**ক্যাথলিক চ্যারিটিস:**

যেসব নাবালকদের সাথে কেউ নেই (আনঅ্যাকোম্পানিড মাইনর), তাদের দেখভালকারী অভিভাবকদের জন্য লিগ্যাল ওরিয়েন্টেশন প্রোগ্রাম ফর কাস্টডিয়ানস (LOPC) হটলাইন: 1-888-996-3848 (সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা-রাত 8টা)

**নিউ ইয়র্ক স্টেট (NYS):**

নিউ অ্যামেরিকানস হটলাইন: 1-800-566-7636 (NYS-এ টোল-ফ্রি, সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা- রাত 8টা)

**অ্যারাব অ্যামেরিকান অ্যাসোসিয়েশন অফ নিউ ইয়র্ক:**

ইমিগ্রেশন (অভিবাসন) পরিষেবা—বিনামূল্যের পরামর্শ ও কম খরচের সেবা প্রদান করা হয়ে থাকে (বুধবার, বিকাল 3টা- সন্ধ্যা 6টা)। সহায়তা পাওয়ার জন্য ইমেইল করা যাবে info@arabamericanny.org এই ঠিকানায় অথবা কল করা যাবে 718-745-3523 এই নম্বরে।

**আনলোকাল, ইংক.:**

ইমিগ্রেশন (অভিবাসন) পরিষেবা – বিনামূল্যের আইনী পরামর্শ এবং ইমিগ্রেশন (অভিবাসন) সংক্রান্ত বিষয়ে রিপ্রেজেন্টেশন (প্রতিনিধিত্ব) সুবিধা পাওয়া যায়। সহায়তা পাওয়ার জন্য ইমেইল করা যাবে info@unlocal.org এই ঠিকানায় অথবা কল করা যাবে (646) 216-8210 এই নম্বরে।

## গুরুত্বপূর্ণ টার্মস (শব্দাবলী) & অ্যাক্রোনিমস (শব্দের সংক্ষিপ্ত রূপ)

**চ্যান্সেলর'স রেগুলেশন** — NYC পাবলিক স্কুলগুলোর জন্য আনুষ্ঠানিক বিধিমালা

**DL** — ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম

**EI** — আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম পরিষেবা

**ELL** — ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার

**ENL** — ইংলিশ অ্যাজ আ নিউ ল্যাঙ্গুয়েজ

**HLIS** — হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে, যার মাধ্যমে শিশুর প্রধান ভাষা সম্পর্কে জানা যায়

**IEP** — ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম

**NYSITELL** — নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারস, যার মাধ্যমে শিক্ষার্থীর ইংলিশে শোনা, কথা বলা, পড়া এবং লেখার দক্ষতা যাচাই করা হয়

**NYSESLAT** — নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট, যার মাধ্যমে শিক্ষার্থীর ইংলিশে পড়া, লেখা, শোনা ও কথা বলার দক্ষতার পরীক্ষা নেওয়া হয়

**PA/PTA** — প্যারেন্টস অ্যাসোসিয়েশন/প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন

**TBE** — ট্রানজিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন

**UPK** — ইউনিভার্সাল প্রি-কিন্ডারগার্টেন



**এই গাইড (নির্দেশিকা) এবং নিউ ইয়র্ক সিটির শিক্ষা সংক্রান্ত পরিষেবা বিষয়ক আরও রিসোর্সেস আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে, www.advocatesforchildren.org**

## অ্যাডভোকেসি টিপস (রক্ষণাবেক্ষণ সংক্রান্ত পরামর্শ)

- ✓ **আপনার সন্তানের স্কুল ডকুমেন্টগুলো** (যেমন IEP ও মূল্যায়ন) এবং স্কুল থেকে পাওয়া সকল চিঠি ও রিপোর্ট তারিখ অনুযায়ী একটি ফাইলের মধ্যে **সংরক্ষণ করুন।**

- ✓ **লিখে রাখুন:** নিজের জন্য একটি নোটবুক রাখুন যেখানে স্কুল কর্মকর্তা এবং স্কুলের বাইরে ক্লিনিশিয়ান (যেমন চিকিৎসক বা থেরাপিস্ট)-দের সাথে সকল মিটিং ও যোগাযোগের ম্যাটেরিয়ালগুলো তারিখ ও সময় অনুযায়ী লিখে রাখা যায়। যেকোনো ফলো-আপ লিখিতভাবে করুন; চিঠির মাধ্যমে বা ইমেইলের মাধ্যমে এবং নিজের রেকর্ডের জন্য সেগুলোর অনুলিপি সংরক্ষণ করুন।

- ✓ **সকল গুরুত্বপূর্ণ তথ্য প্রত্যয়িত বা সার্টিফাইড মেইল**, রিকোয়েস্টকৃত রিটার্ন রিসিট বা ইমেইলের মাধ্যমে **প্রেরণ করুন** যাতে আপনি যে তা প্রেরণ করেছেন সেটার প্রমাণ থাকে।

- ✓ **যারা আপনার সন্তানকে নিয়ে কাজ করে থাকে, তাদের সাথে কথা বলুন।** কোনো কিছু ভালো হোক কিংবা খারাপ হোক, সব সময় শিক্ষকদের সাথে কথা বলুন এবং এর মাধ্যমে আপনি আপনার সন্তানের বিষয়াদিতে সম্পৃক্ততা গড়ে তুলতে পারবেন।

- ✓ **দৃঢ়তা বজায় রাখুন।** আপনার সন্তানের জন্য কোনো কিছু করা সম্ভব নয় – এমনটা কেউ বলার পরও আপনি অন্য আরেকজনের মতামত নেওয়ার চেষ্টা করুন।

- ✓ **যেকোনো আলোচনাকে ফলপ্রসু করুন।** কোনো ঘটনা নিয়ে আপনি যদি রাগান্বিতও হয়ে থাকেন, তবুও নিজের কথাগুলো শান্তভাবে উপস্থাপন করার চেষ্টা করুন।

- ✓ যদি আপনার মনে হয় যে DOE আপনার দৃষ্টিভঙ্গিকে গুরুত্ব দিচ্ছে না, তাহলে স্কুলের মিটিংগুলোতে **কোনো বন্ধু ,** পরিবারের সদস্য বা স্কুলের বাইরে আপনার সন্তানকে চেনে ও জানে এমন কাউকে **নিয়ে আসুন**।

## আমাদের লক্ষ্য

AFC সকল শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্কের সেরা শিক্ষা ব্যবস্থার অ্যাক্সেস সম্পর্কে প্রচার করে থাকে, বিশেষ করে বিভিন্ন বর্ণের শিক্ষার্থী এবং নিম্ন-আয়ের ব্যাকগ্রাউন্ড থেকে আসা শিক্ষার্থীদের জন্য। সিস্টেমের সংস্কার ত্বরান্বিত করা, পারিবারসমূহ ও কমিউনিটিকে শক্তিশালী করা এবং প্রতিটি শিক্ষার্থীর শিক্ষার অধিকার সম্পর্কে কথা বলার জন্য আমরা বেশ কিছু অনন্য ইন্টিগ্রেটেড স্ট্র্যাটেজি বা সমন্বিত কৌশল ব্যবহার করে থাকি।

**আর কোনো প্রশ্ন আছে? অনুগ্রহ করে করুন**
**জিল শেইফেতজ এডুকেশন হেল্পলাইন**

সোমবার থেকে বৃহস্পতিবার
সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত
866-427-6033 (টোল ফ্রি)

**অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইংক.**
151 ওয়েস্ট 30th স্ট্রিট, 5th ফ্লোর
নিউ ইয়র্ক, NY 10001
ফোন • 212-947-9779
ফ্যাক্স • 212-947-9790
info@advocatesforchildren.org
www.advocatesforchildren.org